

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) পিপিআর-২০০৮ এর কপি।
- ৩) প্রাক্কলন।

বিষয় পবিত্র রমজান মাসে মডুস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন জনবহুল স্থানে বিতরিত পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন খানমন্ডি, ফার্মগেট, নিউমার্কেট, পছপথ, মোহাম্মদপুর, শ্যামলীসহ অন্যান্য এলাকায় অনেকগুলো শপিং মল, বাজার, হাসপাতাল, বাস স্ট্যান্ড রয়েছে। যেখানে অনেক ভ্রাম্যমান জনসাধারণ থাকে। পবিত্র রমজান মাসে এসব ভ্রাম্যমান জনসাধারণের ইফতার করার জন্য সুপেয় পানির প্রয়োজন হয় যার সংস্থান করা তাদের জন্য বেশ দুরূহ হয়ে পড়ে। এসব ভ্রাম্যমান জনসাধারণের ইফতার করার সুবিধার্থে প্রতি বছরের ন্যায় এই বছরও ১০(দশ)টি জনবহুল স্থানে পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য পিভিসি পানির ট্যাংক লাগানোর জন্য ডিনাইল স্টিকার তৈরী ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। এছাড়াও পানির ট্যাংক খেঁত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং রমজান মাস শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত নিয়ে আসার শমিক নিয়োজিত করা প্রয়োজন। উল্লেখ্য যে, পবিত্র রমজান মাসে বিনামূল্যে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হলে জনমনে সন্তুষ্টি অর্জিত হবে ও ঢাকা ওয়াসার ডাবমূর্তি উজ্জ্বল হবে।

২। উপরিউক্ত বর্ণনার আলোকে অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় ১০(দশ)টি জনবহুল স্থানে পিভিসি ট্যাংক স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র (ক্রমিক নং:৩৮:১)। জনস্বার্থ বিবেচনায় আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদন করা যেতে পারে। আলোচ্য খরচ ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “অফিস রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০২-০১২) খাত এর ক্রমিক নং- B-1(2) হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ব্যয় অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলীর” মহোদয়ের আওতাধীন।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে পবিত্র রমজান মাসে মডুস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন জনবহুল স্থানে বিতরিত পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

- ক) সর্বমোট উপস্থাপিত ৳২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা খরচের অনুমোদন,
- খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য খরচ মডুস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার “অফিস রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০২-০১২) খাত এর ক্রমিক নং- ক্রমিক নং- B-1(2) হতে নির্বাহ করার অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

Munir
24/02/25
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৩
ঢাকা ওয়াসা

সিডি
24/02/25
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডুস জোন-৩, ঢাকা ওয়াসা।

জয়ন্ত সাহা
24.2.25
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডুস জোন-৩ ঢাকা ওয়াসা

SE(mods/chr-1)

মোঃ ফিরোজ আলম
24/02/25
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১ ঢাকা ওয়াসা।

০৪

Approved
25/02
2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা